গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.১০০.৯৯.০০২.২৩.৬

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩০
১০ জুলাই ২০২৩

**বিষয়: কৃষি তথ্য সার্ভিস কর্তৃক তৈরীকৃত এমডি-২ আনারস সংক্রান্ত লিফলেট ও নির্মানাধীন ভিডিও ক্লিপ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে বহুল প্রচার প্রসঙ্গে।**

উর্পযুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'সুপার সুইট' খ্যাত এমডি-২ আনারস সংক্রান্ত লিফলেট তৈরি করা হয়েছে ও ভিডিও ক্লিপ নির্মানাধীন রয়েছে। উক্ত লিফলেট ও নির্মানাধীন ভিডিও ক্লিপ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারিদেরীদের বিভিন্ন সামাজিক যোগাযোগ (ফেসবুক, মেসেঞ্জার গ্রুপ, হোয়াটস অ্যাপ গ্রুপ ইত্যাদি) মাধ্যমে চাষী পর্যায় হতে শুরু করে জাতীয়ভাবে সকল স্তরে বহুল প্রচার প্রয়োজন।

এমতাবস্থায়, উন্নতগুণ সম্পন্ন ও রপ্তানীযোগ্য এমডি-২ আনারসের বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

সংযুক্তিঃ
১। এমডি-২ আনারস সংক্রান্ত লিফলেট- ১ (এক) পাতা।

পরিচালক, সরেজমিন উইং; ডিএই'র দপ্তর
অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও কো-অর্ডি/মনিটরিং ও বাস্তবায়ন/উপকরণ) | অতীব জরুরী / জরুরী / আলাপ
উপপরিচালক (সম্প্রসারণ/কো-অর্ডিনেশন/মনিটরিং/সার ব্যবস্থাপনা/বাস্তবায়ন/বীজ ও অন্যান্য উপকরণ)
অতিরিক্ত উপপরিচালক (উপকরণ/ কন্ট্রোল রুম)
প্রশাসন শাখা/পি এ টু পরিচালক
অন্যান্য
পরিচালক.......৯০২৯.......উইং
ডাইরী নং ১৩/৭/২৩
তারিখঃ

১০-৭-২০২৩
বাদল চন্দ্র বিশ্বাস
মহাপরিচালক
ফোন: +৮৮০২৯১৪০৮৫০
ইমেইল: dg@dae.gov.bd

বিতরণ:
১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নং-১২.১০.০০০০.০০৭.৪০(২).০০১.১৯/ ২২/ ৮৮৫৪ (৭০)

তারিখ: ১৩/০৭/২০২৩খ্রিঃ

কার্যার্থে অনুলিপিঃ
১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল (সকল)।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা (সকল)।

পত্রের মর্মানুযায়ী সকল জেলা ও উপজেলা পর্যায়ে এবং অঞ্চলে বিষয়েটির বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১৩/০৭/২০২৩
পরিচালক
ফোনঃ ৯১৩৪৫৮৭
ই-মেইল dfsw@dae.gov.bd

৫) প্রকল্প/কর্মসূচী পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
৬) উপপরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।

১০-৭-২০২৩
বাদল চন্দ্র বিশ্বাস
মহাপরিচালক

# এমডি-২ আনারসের পরিচিতি ও চাষ



'সুপার সুইট' খ্যাত এমডি-২ আনারস বিশ্ব বাজারে অত্যধিক চাহিদা সম্পন্ন অম্ল মধুর মিষ্টতায় (১৪% ব্রিক্স), ফলের শেল্ফ লাইফ ৩০ দিন, সুস্বাদু, পুষ্টিগুণ ও মনোমুগ্ধকর সুবাস সমৃদ্ধ ফল।

আমাদের দেশের প্রচলিত জাত থেকে এ জাতে ভিটামিন সি আছে ৩-৪ গুণ বেশি, এছাড়াও আছে অল্প পরিমাণে ভিটামিন এ, ভিটামিন কে, ফসফরাস, জিঙ্ক ও ক্যালসিয়াম। এ জাতটি দুরারোগ্য হৃদপিন্ডের রোগ, ডায়াবেটিস, কিছু কিছু ক্যানসারের ক্ষতির মাত্রা কমাতে সাহায্য করে। আনারসের উপস্থিত ব্রোমেলিন হজমে সহায়তা করে। প্রদাহ বিরোধী উপাদান রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে ও রক্ত তরল করার প্রক্রিয়াকে ত্বরান্বিত করে।

**১০০ গ্রাম আনারসের পুষ্টিমান :**
ক্যালরি ৮২.৫, ফ্যাট ০.০১ গ্রাম, প্রোটিন ৬০ গ্রাম, শর্করা ১১.৮২ গ্রাম, ফাইবার ১.৪ গ্রাম, এছাড়া রিকোমেন্ডড ডায়েটারি ইনটেক অনুযায়ী-
ভিটামিন সি ১৩১%, ম্যাঙ্গানিজ ৭৬% ভিটামিন বি৬ ৯%, কপার ৯%, থায়ামিন ৯%, ফোলেট ৭%, পটাসিয়াম ৫%, ম্যাগনেসিয়াম ৫%, নিয়াসিন ৪%, প্যানথেনিক এসিড ৪%, রিবোফ্লাভিন ৩%, আয়রন ৩%

## কেনো এমডি- ২ জাত?

তুলনামূলক বিচারে এম ডি-২ জাতের জনপ্রিয়তার উল্লেখ করার মত কারণ রয়েছে। শুধুমাত্র ব্যতিক্রম জাতই নয়, তুলনামূলকভাবে চাষ প্রণালীও সহজ। এ জাতের মুকুট ভাসা থাকায় ভক্ষণশীল অংশের পরিমাণ বেশি থাকে। সাকারের আকার অনুযায়ী ১২ থেকে ১৬ মাসে উৎপাদন হয়। সাকার উৎপাদন ক্ষমতা বেশি। বৃষ্টির পানি ছাড়া অতিরিক্ত সেচের প্রয়োজন হয়না। এ জাতের ফলন প্রচলিত জাত থেকে দ্বিগুন হয়ে থাকে।

## মাটি

সুনিষ্কাশিত দোঁ আশ, বেলে দোঁ আশ মাটি এ জাতের আনারসের জন্য উপযোগী। অম্ল মাটি বেশি ভালো। উপযুক্ত পিএইচ হলো ৫.৫-৬।

## জমি তৈরি

আনারসের জন্য গভীর চাষের প্রয়োজন হয়। পাহাড়, টিলা এবং উঁচু যেছ্খানে বৃষ্টির পানি দাঁড়ায় না সেছ্খানে ৩০ ইঞ্চি প্রশস্থ বেড তৈরী করতে হবে। দুই বেডের মাঝখানে ৩০ ইঞ্চি সেচ নালা রাখতে হবে। সারি থেকে সারির দূরত্ব ১৮ ইঞ্চি এবং চারা থেকে চারার দূরত্ব ১৫ ইঞ্চি।

## রোপনের সময়

বর্ষার পর অক্টোবর-মার্চ পর্যন্ত আনারস রোপন করা যায়। তবে অক্টোবর-নভেম্বর মাস চারা রোপনের উপযুক্ত সময়।

## সারের পরিমাণ

জমির উর্বরতা শক্তি অনুসারে সারের পরিমাণ কম বেশি হতে পারে।
খামারি অ্যাপস অনুযায়ী বিঘা প্রতি (৩৩ শতাংশ) অনুমিত মাত্রাঃ

| সারের নাম | |
|---|---|
| পচা গোবর | ২৫ কেজি |
| ইউরিয়া | ৫২ কেজি |
| ডিএপি | ৮.৫ কেজি |
| এম ও পি | ৩৩ কেজি |
| জিপসাম | ২.৬ কেজি |
| জিংক সালফেট | ৮০০ গ্রাম |




## মুড়ি ও সাথী ফসল চাষ

আনারস চাষে অন্যান্য ফসলের থেকে আরেকটি লাভ হলো মুড়ি ফসল চাষ। অন্যান্য জাতের মত এ জাতের সাথেও সাথী ফসল হিসাবে আদা, সরিষা, কলাই, সয়াবিন, কচু চাষ করা যায়।

## ফলন

ফলন গড়ে ৪.০-৪.৫ মেট্রিক টন/বিঘা। তবে, উপযুক্ত যত্ন নিলে ফলন ৮.০-৯.৫ মেট্রিক টন/ বিঘা হতে পারে।

## বাজার ও প্রক্রিয়াজাতকরণ

আনারস উৎপাদনের সাথে বাজার ও প্রক্রিয়াজাতকরণে অসামঞ্জস্যতার কারণে বাংলাদেশে ভাল বাজার তৈরি হচ্ছে না। পরিশেষে, আনারস বাংলাদেশের অতি জনপ্রিয় ফল। দেশের পার্বত্য অঞ্চলে এবং টাঙ্গাইল জেলার মধুপুরে ব্যাপক আনারসের আবাদ হয়ে থাকে। তবে আমাদের বিদ্যমান জাতসমূহ রপ্তানিমূখী নয়। টেকসই কৃষিকে বেগবান করতে এমডি-২ জাতের চাষ করা গেলে এদেশের আনারস চাষে বৈপ্লবিক পরিবর্তন আনা সম্ভব হবে।


বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

কৃষি মন্ত্রণালয়
www.moa.gov.bd

মুদ্রণ ও প্রচার : কৃষি তথ্য সার্ভিস, মে/২০২৩